গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-১ শাখা

**২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০২৩ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | স্বপন ভট্টাচার্য্য<br>প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ১৭ মে ২০২৩ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সচিব মহোদয় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সবাইকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)-কে সভার আলোচ্য সূচী অনুযায়ী আলোচনার জন্য আহবান জানান।

২.০ আলোচনা:

আলোচনার শুরুতে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ গত ১৭-০৪-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভার জারীকৃত কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী আছে কি-না জানতে চান। কোন সংশোধনী না থাকায় সেটি গ্রহণপূর্বক সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২.১ অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সভাকে অবহিত করেন, ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত ২০টি অনুমোদিত (জিওবি অর্থায়ন ১৯টি, প্রকল্প সাহায্য ০১টি )। প্রকল্পের অনুকূলে মোট ৮৪৭২৪.০০ লক্ষ (জিওবি: ৮৩৪১২.০০ লক্ষ, প্রকল্প সাহায্য: ১৩১২.০০ লক্ষ এবং নিজস্ব তহবিল ৫৭৮.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পসমূহের অনুকূলে এপ্রিল, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৩৪২৩১.০৪ লক্ষ (জিওবি: ৩৩১১৮.০০, প্রকল্প সাহায্য: ১১১৩.০৪ লক্ষ এবং নিজস্ব তহবিল ০.০০ লক্ষ) টাকা এবং ব্যয় হয়েছে মোট ৩০৬১০.৬১ লক্ষ (জিওবি: ২৯৪৯৭.৫৭ লক্ষ এবং প্রকল্প সাহায্যঃ ১১১৩.০৪ লক্ষ ও নিজস্ব তহবিল ০.০০ লক্ষ) টাকা যা মোট বরাদ্দের ৩৫.৮৮%। জাতীয় গড় ৫০% (খসড়া) এবং গত অর্থ বছরে একই সময়ে অগ্রগতির হার ছিল ৪৭.৮০%।

২.২ অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, অর্থ ছাড়ের বিপরীতে সব সংস্থার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, বার্ড কুমিল্লার অগ্রগতির হার সর্বোচ্চ অর্থাৎ ৪২.২৩%। অন্যান্য সংস্থার বাস্তবায়ন অগ্রগতির হার যথাক্রমে বিআরডিবি'র ৪১.৫২%, আরডিএ, বগুড়ার ৩৬.৯৯%, এসএফডিএফ, ৩৭.৫২% এবং সমবায় অধিদপ্তর, ২৮.৬২%।

অতঃপর প্রকল্প ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

৩.০ প্রকল্প ভিত্তিক সভার আলোচনা ও সর্বসম্মতভাবে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**৩.১. সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায় (সিভিডিপি-৩) প্রকল্প (১ম সংশোধিত):**

প্রকল্পটি মোট ২৯৯৯৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে (১ম সংশোধিত)। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট বরাদ্দ ২১৩০৩.০০ লক্ষ টাকা, জুন, ২০২২ পর্যন্ত সময়ে ক্রমপুঞ্জিত ব্যয় ১১০৪০.২৮ লক্ষ টাকা, এপ্রিল/২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ১৫৩২৭.৬৩ (৫১.১০%)।

প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ১৪৬২০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এপ্রিল, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৪৪৯৪.৩৭ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ৪২৮৭.৩৫ লক্ষ টাকা, যা হ্রাসকৃত এডিপিতে বরাদ্দের ৬২.৩৯%।

প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধি করা প্রয়োজন। সচিব মহোদয় বলেন যে, প্রকল্প পরিচালক প্রশিক্ষণ সিডিউল এ বিভাগে প্রেরণ করবেন এবং এ বিভাগের কর্মকর্তাগণ সে অনুযায়ী অন-লাইনে প্রশিক্ষণ তদারকি করবেন। উপসচিব (পরিকল্পনা শাখা-১) সভায় বলেন যে, প্রশিক্ষণ সিডিউল পাওয়া মাত্রই এ বিভাগের সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ বরাবর প্রশিক্ষণ তদারকির জন্য পত্র দেয়া হবে।

প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে এপ্রিল, ২০২৩ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

ক) সমিতি গঠন: লক্ষ্যমাত্রা ১,০১৮টি'র বিপরীতে-অর্জন-২৭৮টি।

খ) সদস্য অন্তর্ভুক্তি: লক্ষ্যমাত্রা ৩,৬৪,৫০০ জনের বিপরীতে-অর্জন ২৭,৩২৪ জন।

গ) প্রশিক্ষণ: লক্ষ্যমাত্রা ২৯,৪৫০ জনের বিপরীতে-অর্জন ২৩,৯০৬ জন।

১) প্রশিক্ষণ পরবর্তী Assessment কার্যক্রম চলমান রয়েছে।

২) পরবর্তী প্রশিক্ষণ কার্যক্রমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে Zoom- এ সংযুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

**<u>সিদ্ধান্ত:</u>**

**১) প্রশিক্ষণ পরবর্তী Assessment অব্যাহত রাখতে হবে;**

**২) প্রশিক্ষণ কার্যক্রমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে Zoom-এ সংযুক্ত করতে হবে; এবং**

**৩) এ বিভাগের কর্মকর্তাগণকে প্রকল্প/দপ্তর/সংস্থার কার্যক্রম পরিদর্শনের পাশাপাশি চলমান প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শনের জন্য অবহিত করতে করতে হবে।**

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-(সিভিডিপি)-৩য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প।

৪.০ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):

৪.১ উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচী (উদকনিক) (২য় পর্যায়) (২য় সংশোধিত):

প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পটি মোট ১৩১৪৭.৫৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সম্পূর্ণ জিওবি অর্থে জুলাই, ২০১৪ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের বিপরীতে ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ৬৩৯.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এপ্রিল, ২০২৩ পর্যন্ত কোন অর্থ অবমুক্ত করা হয়নি। প্রকল্প শুরু থেকে এপ্রিল, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১২৫০৭.৪৯ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিভূত আর্থিক ও বাস্তব অগ্রগতি ৯৫%। প্রকল্প পরিচালক বলেন, ৪র্থ কিস্তির অর্থছাড়ের প্রস্তাব দেয়া হয়েছে। বিল্ডিংয়ের ভিতরের দেয়াল প্লাস্টরিং কাজ চলমান আছে। তিনি আরো বলেন যে, লিফট বাবদ অর্থ খরচ করতে না পারায় আরএডিপি'র পুরো টাকা খরচ করা যাবে না।

সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

ক) সমিতি/দলগঠনঃ ডিপিপির লক্ষ্যমাত্রা ৬২৫টির বিপরীতে এপ্রিল, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন ৬২৪টি, খ) সদস্যভর্তিঃ ডিপিপির লক্ষ্যমাত্রা ১০০০০ জনের বিপরীতে এপ্রিল, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন ৯৪৫০ জন, গ) প্রশিক্ষণ প্রদান: ডিপিপির লক্ষ্যমাত্রা ৩৮৬৪০ জনের বিপরীতে এপ্রিল, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন ৩৭৮০০ জন, ঘ) মূলধনগঠন: এপ্রিল, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত মূলধন গঠন ১৩৭.২২ লক্ষ টাকা। ঙ) ঋণ বিতরণ: ১১০০.০০ লক্ষ টাকার বিপরীতে এপ্রিল, ২০২৩ পর্যন্ত অর্জন ১১০০.০০ লক্ষ টাকা। চ) এপ্রিল, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১১০০.০০ লক্ষ টাকা, এপ্রিল, ২০২৩ পর্যন্ত ঋণআদায় ১০৭২.১১ লক্ষ টাকা।

**<u>সিদ্ধান্তঃ</u>**

**১) লিফট ক্রয় বাদ দিয়ে নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করে জুন, ২০২৩ এর মধ্যে প্রকল্প সমাপ্ত করণের যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;**

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

**৪.২ অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত):**

প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পটি মোট ২৩৬৩৩.৪৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সম্পূর্ণ জিওবি অর্থে জুলাই, ২০১৫ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের বিপরীতে ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ৫৩৪৯.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত ৫৩৪৯.০০ লক্ষ টাকার বিপরীতে এপ্রিল, ২০২৩ পর্যন্ত ৩৪৪৭.৬৩ লক্ষ টাকা ছাড় হয়েছে এবং ব্যয় হয়েছে ৩৪৪৪.২৪ লক্ষ টাকা। চলতি অর্থবছরের এপ্রিল, ২৩ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ৬৯% ও ৭১%। প্রকল্প শুরু থেকে মার্চ, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ৭৭% ও ৮৫%। প্রকল্প বাস্তবায়নে তেমন কোন সমস্যা নেই। নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে। ৪র্থ পর্যায়ের প্রকল্পের বিষয়ে সভাপতি জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটি ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির জন্য সুপারিশ করা হয়েছে। তবে প্রকল্পের ব্যয় কমিয়ে ১০০০ কোটি টাকার মধ্যে প্রকল্পের ব্যয় নির্ধারণের জন্য পরিকল্পনা কমিশন থেকে পরামর্শ প্রদান করা হয়েছে। প্রকল্প পরিচালক বলেন যে, ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট প্রস্তুত শেষ পর্যায়ে। সভাপতি মহোদয় দ্রুত ডিপিপি পুনর্গঠন করে অনুমোদনের প্রক্রিয়াকরণের জন্য বলেন। সচিব মহোদয় বলেন যে, স্কীম বাস্তবায়নে দ্রুত অগ্রাধিকার তালিকা অনুমোদন করে বাস্তবায়ন করতে হবে।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

ক) গ্রাম উন্নয়ন কমিটি গঠন: লক্ষ্যমাত্রা ৬৫০ টির বিপরীতে অর্জন ৬৫০টি।

(খ) গ্রাম উন্নয়ন কমিটির মিটিং: লক্ষ্যমাত্রা ৭৬২৫৮ টির বিপরীতে অর্জন ৬৫১২০টি।

(গ) ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটিলক্ষ্যমাত্রা ৬৫০ টির বিপরীতে অর্জন ৬৫০টি।
(ঘ) ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটির মিটিং: লক্ষ্যমাত্রা ৭৮০০ টির বিপরীতে অর্জন ৫৪২০টি।
(ঙ) প্রশিক্ষণ প্রদান: লক্ষ্যমাত্রা ৩০৭২৬ জনের বিপরীতে অর্জন ২৫,৮০৩ জন।
(চ) ভিডিসি স্কীম: লক্ষ্যমাত্রা ৪৬৮৩ টির বিপরীতে অর্জন ৩২৭৫টি।

**সিদ্ধান্তঃ**

**১) ফিজিবিলিটি স্টাডিসহ দ্রুত ডিপিপি এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং**
**২) প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়ন ও অনুমোদন করে প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে।**

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪.৩ গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্প (১ম সংশোধিত):
সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৫০৯৪.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৩ খ্রি: পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট বরাদ্দ ৪৫৫৪.১৪ লক্ষ টাকা, জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪১৭২.১২ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৮২% এবং ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৯২%। ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে প্রকল্পের অনুকূলে মোট ৮৭২.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে এপ্রিল, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে মোট ৬৩৫.২৩ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৫৯৩.৫৫ লক্ষ টাকা।
প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:
ক)সমিতি গঠন (টি): লক্ষ্যমাত্রা: ৪৪টি, অর্জন ০টি।
খ)সদস্য ভর্তি (জন) লক্ষ্যমাত্রা: ১২৩০ জন, অর্জন ০ জন।
গ) সঞ্চয় জমা (লক্ষ টাকা): লক্ষ্যমাত্রা ১০০.০০ লক্ষ টাকা, অর্জন ৯.৩৫ লক্ষ টাকা।
ঘ) ঋণ বিতরণ: (জন) লক্ষ্যমাত্রা ৬০০০-অর্জন ৩৪২ জন।
ঙ) ঋণ বিতরণ (আর্থিক): লক্ষ্যমাত্রা ১০০০.০০ লক্ষ টাকা অর্জন- ১০৯.১০ লক্ষ টাকা।
চ) ঋণ আদায় : লক্ষ্যমাত্রা ৮০০.০০ অর্জন-৭৭.২৫
ছ) প্রশিক্ষণ: লক্ষ্যমাত্রা: ১৮২০ জন- অর্জন ১৫০ জন।

প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের অসমাপ্ত কাজ দ্রুত সমাপ্ত করে জুন ২০২৩ এর মধ্যে প্রকল্প সমাপ্তকরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করে প্রকল্পের অনুকূলে চলতি অর্থ বছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় নিশ্চিত করনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্পের ২য় পর্যায়ের জন্য ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট প্রস্তুত হয়েছে। দ্রুত ডিপিপি প্রক্রিয়াকরন ও অনুমোদনের জন্য এ বিভাগে প্রেরণ করা হবে।

**সিদ্ধান্তঃ**

**১) প্রকল্পের অসমাপ্ত কাজ দ্রুত সমাপ্ত করে জুন ২০২৩ এর মধ্যে প্রকল্প সমাপ্তকরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;**
**২) আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে প্রকল্পের অনুকূলে চলতি অর্থ বছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে; এবং**
**৩) প্রকল্পের ২য় পর্যায়ের ডিপিপি (ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট সহ) মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।**

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

**৪.৪ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি শীর্ষক প্রকল্প:**
প্রকল্প পরিচালক বলেন, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ শীর্ষক প্রকল্পটি মোট ২৩৭৩০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৯ হতে ডিসেম্বর, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরের (২০২২-২৩) এডিপিতে ৬২৬৪.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এপ্রিল, ২০২৩ পর্যন্ত ২৮৯১.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৮৯১.৩৪ লক্ষ টাকা। চলতি অর্থবছরের এপ্রিল, ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৫৪% এবং বাস্তব অগ্রগতি ৬৫%। প্রকল্পের শুরু থেকে এপ্রিল, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১৬৭৫২.৫৩

লক্ষ টাকা এবং আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ৭০.৬০%। প্রকল্প পরিচালক বলেন, প্রশিক্ষণ খাতের সমুদয় অর্থ ব্যয়ের জন্য অর্থ বিভাগের সম্মতি পাওয়া গেছে। প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের ২য় পর্যায়ের ডিপিপি প্রণয়নে ফিজিবিলিটি স্টাডির জন্য প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে। দ্রুত ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে পাঠানো হবে। সভাপতি মহোদয় বলেন যে, যে এলাকায় যে ফসল ভালো হয় তার ভিত্তিতে ফসল নির্বাচন করতে হবে।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:
ক) সদস্য অন্তর্ভুক্তি: লক্ষ্যমাত্রা ২১০০০ জন, অর্জন ৮৭১৭ জন।
খ) প্রশিক্ষণ প্রদান: লক্ষ্যমাত্রা ১৫৩৬০ জন, অর্জন ১৬০০ জন।
গ) ঋণ বিতরণ: লক্ষ্যমাত্রা ৯০০০.০০ লক্ষ টাকা, অর্জন ৭৮৭.৬৬ লক্ষ টাকা।
ঘ) ঋণ গ্রহীতা (সদস্য) লক্ষ মাত্রা ৪২০০০ জন, অর্জন ৩৩১০ জন।
ঙ) ঋণ আদায়: লক্ষ্যমাত্রা ৫৬০০.০০ লক্ষ টাকা, অর্জন ৪৫৫.৮৫ লক্ষ টাকা।
চ) প্রদর্শনী খামার: লক্ষ্যমাত্রা-৩০৭২ টি, অর্জন ১৪৭টি।
ছ) সঞ্চয় জমা: লক্ষ্যমাত্রা ১১০০.০০ লক্ষ টাকা, অর্জন ৬৩.১৭ লক্ষ টাকা।

**<u>সিদ্ধান্ত:</u>**
**১) প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরের সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত সমুদয় অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে;**
**২) সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করে ২য় পর্যায়ের ডিপিপি অবিলম্বে মন্ত্রণালয় প্রেরণ করতে হবে; এবং**
**৩) এলাকাভিত্তিক ফসলের উপযোগিতা বিবেচনা করে ফসল নির্বাচন করতে হবে।**
বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

**৪.৫ দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পঃ**
সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৩৪৬৫৫.০৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২১ খ্রিঃ হতে জুন, ২০২৬ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৩২৬১.১৩ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ৮০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এপ্রিল, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৪০৯৩.৮৩ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ৪০৮৩.৫৬ লক্ষ টাকা। যা বরাদ্দের ৫১% ও বাস্তব ৭০%।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:
১. মহিলা সমিতি/দল ও কিশোরি সংঘ গঠন: লক্ষ্যমাত্রা: ৩৩০টি, অর্জন ১১টি।
২. সদস্য অন্তর্ভুক্তি (মহিলা ও কিশোরী): লক্ষ্যমাত্রা ৯০০০ জন, অর্জন ৩৯৬ জন।
৩. সঞ্চয় (মহিলা): লক্ষ্যমাত্রা ৫০০.০০ লক্ষ টাকা, অর্জন ১৫.৮৬ লক্ষ টাকা।
৪. সঞ্চয় (কিশোরী সদস্য): লক্ষ্যমাত্রা ২৮৩.২০ লক্ষ টাকা, অর্জন ২.১২ লক্ষ টাকা।
৫. প্রশিক্ষণ) লক্ষ্যমাত্রা ৬৬০০ জন, অর্জন, ১২০ জন।
৬. প্রশিক্ষণ (কিশোরী) লক্ষ্যমাত্রা ৫৯০টি, অর্জন, ০০টি।
৭. ক্ষুদ্র ঋণ বিতরণ: (ক্ষুদ্র ও উদ্যোক্তা) লক্ষ্যমাত্রা ৪৮৯৫.৩০ লক্ষ টাকা, অর্জন ০০ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক বলেন ২৩/০২/২০২৩ খ্রি: তারিখে অর্থ বিভাগ কর্তৃক বিশেষ করে ইট, সিমেন্ট, রডসহ কিছু নির্মাণ সামগ্রীর দর পুনঃনির্ধারণ করা হয়েছে। পুনঃনির্ধারিত এ দরের ভিত্তিতে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ইতঃপূর্বে অনুমোদিত কার্য বাস্তবায়ন আইটেমসমূহের দর সংশোধন করে সংশোধিত রেট সিডিউল ২০২২ প্রকাশিত হয়েছে। সংশোধিত রেট সিডিউল অনুযায়ী নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের অবকাঠামো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহের ব্যয় বৃদ্ধি পেয়েছে। ৯ তলা হোস্টেল ভবন নির্মাণ কাজে ১৫০.৬০ লক্ষ টাকা, সীমানা প্রাচীর ও অন্যান্য কাজে ৫৯.৯১ লক্ষ টাকা এবং একাডেমিক ভবন, অডিটরিয়াম ভবন ও ২টি আবাসিক ভবন সংস্কার ও আধুনিকায়ন কাজে যথাক্রমে ৭.৬৮ লক্ষ, ১.৯৭ লক্ষ ও ৫.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি পেয়েছে অথ্যাৎ সর্বমোট ব্যয় বৃদ্ধির পরিমাণ ২২৫.১৬ লক্ষ টাকা। প্রকল্পের আরডিপিপিতে প্রাইস কনটিনজেন্সি খাতে কোন বরাদ্দ রয়েছে কিনা তা সচিব মহোদয় জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন উক্ত খাতে ৯৯০.১৪ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে।
প্রকল্প পরিচালক আরও জানান যে, ডিপিইসি সভা অনুষ্ঠান করার জন্য সিদ্ধান্ত হয়েছে। ডিপিইসি সভায় সিদ্ধান্ত হলে ই-জিপিতে টেন্ডার আহবান করা যাবে।
**<u>সিদ্ধান্ত:</u>**
**১) ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত এডিপি বরাদ্দ অনুযায়ী শতভাগ অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে;**
**২) গণপূর্ত অধিদপ্তরের সংশোধিত রেট অফ সিডিউল-২০২২ অনুযায়ী নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহের ব্যয় আরডিপিপি'র প্রাইস কনটিনজেন্সি খাত হতে সংস্থানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং**

**৩) ডিপিইসি সভা করে ই-জিপিতে টেন্ডার আহবানের উদ্যোগ গ্রহণ করতে হবে।**

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

**৪.৬ পল্লী জীবিকায়ন প্রকল্প-৩ পর্যায়:**

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৯২৮৮৮.২৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২১ খ্রি. হতে জুন, ২০২৬ খ্রি. মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২৭৮৭০.৯৬ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের মূল এডিপিতে মোট বরাদ্দ ২৭৬০০.০০ লক্ষ টাকা। এপ্রিল, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৯৬৬২.৫১ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ৯২০৬.০২৫০ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটি মোট ৯২৮৮৮.২৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২১ হতে জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে মোট বরাদ্দ ২৭৬০০.০০ লক্ষ টাকা। এপ্রিল, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ৯৬৬২.৫১ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৯২০৬.০২৫০ লক্ষ টাকা। প্রকল্পের শুরু থেকে এপ্রিল, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৩৭০৭৬.৯৯০৪৬ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ মাসে প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন। তিনি জানান অত্র মাসে দল গঠন ৮২২টি, সদস্য অন্তর্ভুক্তি ১২,৩৩০ জন, সঞ্চয় জমা ১০৮০.১২ লক্ষ টাকা, ক্ষুদ্র ঋণ বিতরণ ১০৪৩.৫৭ লক্ষ টাকা, উদ্যোক্তা ঋণ বিতরণ ১৪৮১.২৮ লক্ষ টাকা, ক্ষুদ্র ঋণ আদায় ৯৯৩.০৩ লক্ষ টাকা, উদ্যোক্তা ঋণ আদায় ৬০১.৮৮ লক্ষ টাকা, পল্লীভিত্তিক জীবিকায়ন পল্লী (এক পণ্য এক পল্লী) গঠন ০৬টি, পণ্যভিত্তিক জীবিকায়ন পল্লীর সুবিধাভোগীর সংখ্যা ১৭৮ জন, কর্মশালা ০টি, কোভিড-১৯ এর কারণে বিদেশ ফেরত কর্মহীন ব্যক্তিদের অন্তর্ভুক্তিকরণ চলমান রয়েছে।

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রকল্পের ২২০টি উপজেলার গ্রেডিং সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, সাংগঠনিক কার্যক্রম (দল গঠন, সদস্য ভর্তি), পুঁজি গঠন (সঞ্চয় জমা), ঋণ বিতরণ, ঋণ আদায়, জীবিকায়ন পল্লী গঠন ও কর্মসূচির মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় বিবেচনায় উপজেলাসমূহ ক, খ, গ ও ঘ গ্রেডভুক্ত করা হয়েছে। ক ও খ গ্রেডভুক্ত ১১০টি উপজেলাকে অগ্রাধিকার ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করতে হবে। সভাপতি মহোদয় লোকবলের ঘাটতির কারণে উপজেলাগুলোকে গ্রেডভিত্তিক করে ক ও খ গ্রেডের উপজেলায় কার্যক্রম বাড়ানোর তাগিদ প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

**১) ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করা, পল্লী উন্নয়ন দল গঠন, সদস্য ভর্তি এবং পণ্যভিত্তিক জীবিকায়ন পল্লী গঠনের লক্ষ্যমাত্রাঅর্জনের জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে; এবং**

**২) প্রকল্পের ক ও খ গ্রেডভুক্ত ১১০টি উপজেলায় অগ্রাধিকার ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করতে হবে।**

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

**৫.০ সমবায় অধিদপ্তর:**

**৫.১ "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ" শীর্ষক প্রকল্প:**

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৪৯৮০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০২১ খ্রিঃ হতে জুন, ২০২৩ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৪১০৫.১১ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে মোট ১৫০৯.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এপ্রিল, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৮৯৮.১৬ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ৮৫২.৮৩ লক্ষ টাকা, যা বরাদ্দের ৯৪.৯৫%।

সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

(১) জরিপ: লক্ষ্যমাত্রা ১২০০ জন, অর্জন ১০০০ জন (মনিরামপুর: ৩০০ জন, মেহেরপুর সদর: ৭০০ জন) (২) প্রশিক্ষণ: বার্ষিক লক্ষ্যমাত্রা ৫০টি (১২৫০ জন), অর্জন ৪৫০ জন (মনিরামপুর: ২০০ জন, মেহেরপুর সদর: ২৫০ জন) (৩) সমবায় সমিতি গঠন: বার্ষিক লক্ষ্যমাত্রা ১২টি, অর্জন ১০টি জন (মনিরামপুর: ০৩টি, মেহেরপুর সদর: ০৭টি)। (৪) চেক বিতরণ: বার্ষিক লক্ষ্যমাত্রা ১২৬০ জন, অর্জন৬৪৮ জন জন (মনিরামপুর: ২০০ জন, মেহেরপুর সদর: ৪৪৮ জন)। (৫) বাছুর/বকনা ক্রয়: বার্ষিক লক্ষ্যমাত্রা ১২৬০ জন, (২৯৪০/২০২১-২২), ৬৪৮ জন সুবিধাভোগীর মধ্যে ৩৪৯ জন সুবিধাভোগী ৪১৫ টি (১২০+২৯৫) গরু কিনেছেন (মনিরামপুর: ৯৫ জন, মেহেরপুর সদর: ২৫৪ জন)।

নিবন্ধক ও মহাপরিচালক সভায় বলেন যে, দুটো নতুন কমপোনেন্ট যুক্ত হওয়ায় প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধি করা প্রয়োজন্ সচিব মহোদয় সভা জানান যে, প্রকল্পের জায়গার জন্য প্রকল্প বাস্তবায়ন অবকাঠামো নির্মাণে মনিরামপুর উপজেলায় ইউএনও এর অনুমোদন নিয়ে পরে জেলা প্রশাসকের মাধ্যমে এলজিইডি এর অনুমোদন নিতে হবে।

**<u>সিদ্ধান্ত:</u>**

**১. মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত এ বিভাগে পাঠাতে হবে; এবং**

**২. প্রকল্পের অবকাঠামো নির্মানে জায়গার জন্য সরকারি নিয়মানুযায়ী অনুমোদন নিতে হবে।**

বাস্তবায়নে: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

**৫.২ 'বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প' শীর্ষক প্রকল্পঃ**

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৪৯৯৩.১০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২১ খ্রি. হতে জুন ২০২৪ খ্রি. মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৪৫৭.৬২ লক্ষ টাকা (৯.১৬%)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে 'বরাদ্দ ২৮১০.০০ লক্ষ টাকা (রাজস্ব ১৯৫০.০০ ও মূলধন ৮৬০.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এপ্রিল, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে ২৩৮৮.৪৮ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৫১৯.৬০ লক্ষ টাকা যা, বরাদ্দের ১৮.৪৯%। সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

(১) ১টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। (২) ৭৯ জন উপকারভোগীর মাঝে ৪১.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। (৩) প্রদর্শনী মৎস্য খামার করার জন্য বাজেট বরাদ্দ করে প্রকল্প সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তার বরাবর পত্র প্রদান করা হয়েছে। ৪) কৃষি যন্ত্র সরবরাহকারীপ্রতিষ্ঠানের তালিকা সরবরাহ করার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে পত্র প্রেরণ।(৫) সেচ অবকাঠামো (Buried pipe irrigation system) নির্মাণ/স্থাপনের জন্য BADC কে পত্র প্রেরণ।(৬) LGED কর্তৃক ৯টি উপজেলায় e-GP টেন্ডার প্রক্রিয়া শুরু করা হয়েছে।

প্রকল্প পরিচালক জানান, জুনের মধ্যে ৬টি উপজেলায় নির্মাণের জন্য ওয়ার্ক অর্ডার দেয়া যাবে। এ বছরের আরএডিপি হতে কিছু পরিমান টাকা দুগ্ধ ঘাটতি প্রকল্প উপযোজন করা দরকার। সচিব মহোদয় প্রকল্পভুক্ত এলাকায় সমলয় চাষাবাদের ওপর গুরুত্বারোপ করেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

**১) দ্রুত ওয়ার্ক অর্ডার দিতে হবে;**

**২) আরএডিপি হতে উপযোজনের প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং**

**৩) প্রকল্প এলকায় সমলয় চাষাবাদের উদ্যোগ নিতে হবে।**

বাস্তবায়নে: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

**৫.৩ দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ শীর্ষক প্রকল্প:**

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ১৫৬৮৮.২৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২২ খ্রি. হতে জুন ২০২৬ খ্রি. মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে 'বরাদ্দ ১১০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এপ্রিল, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ০.০০ লক্ষ টাকা। সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

(১) প্রজেক্ট ওরিয়েন্টেশন প্রোগ্রাম-১টি এপ্রিল মাসে অগ্রগতি-০%; (২) জরিপ উপদেষ্টা কমিটির সভা অনুষ্ঠান- ১টি এপ্রিল মাসে অগ্রগতি-৫০%; (৩) জরিপ কমিটি গঠন (জেলাভিত্তিক)- ৩৮টি এপ্রিল মাসে অগ্রগতি-১০০%; (৪) লোহাগড়া, নড়াইলে বেঞ্চমার্ক জরিপের মাধ্যমে সুবিধাভোগী নির্বাচন-৫০ জন এপ্রিল মাসে অগ্রগতি-১০০%; (৫) লোহাগড়া, নড়াইলে সুবিধাভোগীদের নিয়ে সমবায় সমিতি গঠন-০২টি এপ্রিল মাসে অগ্রগতি-০%; (৬) লোহাগড়া, নড়াইলে ৪ দিনের দক্ষতা উন্নয়ন (গাভী পালন) নিবিড় প্রশিক্ষণ- ৫০ জন (২টি ব্যাচ) এপ্রিল মাসে অগ্রগতি-০%; (৭) ঋণ বিতরণ-৩৪ জন এপ্রিল মাসে অগ্রগতি-০%; (৮) কম্পিউটার ক্রয় (OTM) (৩ লক্ষ টাকা) এপ্রিল মাসে অগ্রগতি-০%; (৯) ফটোকপিয়ার ক্রয় (RFQ) (১.৫ লক্ষ টাকা) এপ্রিল মাসে অগ্রগতি-৫০%;(ক্রয় প্রক্রিয়াধীন) (১০) ওটিএম পদ্ধতিতে গাড়ি ভাড়া এপ্রিল মাসে অগ্রগতি-৫০%;(ক্রয় প্রক্রিয়াধীন)।

প্রকল্প পরিচালক সভায় জানান যে, ২টি সমিতির নিবন্ধন ২/১ দিনের মধ্যে হয়ে যাবে। অর্থ ছাড় হওয়া মাত্র প্রশিক্ষণ ও ঋণ বিতরণ কাজ শুরু করা হবে। সভাপতি মহোদয় জরীপ কার্যক্রম চলমান রাখার নির্দেশনা দেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

**১) সমিতির নিবন্ধন কাজ জোরালো করতে হবে; এবং**

**২) জরীপ কাজ এগিয়ে নিতে হবে।**

বাস্তবায়নে: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৬.০ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কুমিল্লা:

**৬.১ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী আধুনিকায়ন শীর্ষক প্রকল্প:**

সভায় জানানো হয় যে, বার্ডের আধুনিকায়ন প্রকল্পটি মোট ৪৮৫৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৯ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৯৬৯.২৭ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরে মোট ১৪০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এপ্রিল, ২০২৩ পর্যন্ত মোট অর্থ অবমুক্ত হয়েছে ৬১০.৯৭ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৫৯১.২৩ লক্ষ টাকা (৯৬.৭৬%)।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

(১) বার্ডের ভিতরে সার্কুলার রোড ও এপ্রোচরোড সংস্কার ওয়াকওয়ে নির্মাণ: বার্ডের ভিতরে সার্কুলার রোড ও এপ্রোসরোড সংস্কার এর কাজ শেষ হয়েছে এবং ওয়াকওয়ে এর ৯০% সমাপ্ত হয়েছে। (২) ডিজাইন, সুপারভিশন ও মান নিয়ন্ত্রণ এর জন্য কনসালটেন্সি ফার্ম নিয়োগ: স্থাপত্য অধিদপ্তর থেকে ভেটিং পাওয়া গেছে। তিনটি কম্পোনেন্ট যথা: লন টেনিস কোর্ট, আধুনিক রান্নাঘর ও হোস্টেল অভ্যর্থনা অফিস এর দরপত্র আহবান করা হয় এবং সেই দরপত্র যাচাই বাচাই ও অন্যান্য কাজ সম্পন্ন করে চুক্তি সম্পন্ন হয়েছে এবং কাজ চলমান রয়েছে। (৩) ল্যান্ডস্কেপিং ও মাস্টারপ্ল্যান প্রণয়ন বিষয়ক কনসালটেন্সি ফার্ম কার্যক্রম: পূর্ণ মাস্টার-প্ল্যান প্রণয়ণের কাজ চলমান রয়েছে। (৪) অফিস ভবন এবং আবাসিক বিল্ডিং আধুনিকায়ন/সংস্কার ও নির্মাণ: কাজ সম্পন্ন হয়েছে। কাজ চলমান (৫) নতুন টেন্ডার আহবান: স্পাউটিং ফাউন্টেইন কম্পোনেন্টের e-GP-তে দরপত্র আহবান করা হয়েছে গত ০৫ মার্চ ২০২৩ এবং দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ছিল ২৩ মার্চ ২০২৩ খ্রি. তারিখ। সেই দরপত্র যাচাই বাচাই ও অন্যান্য কাজ সম্পন্ন করে চুক্তি সম্পন্ন ও NoA প্রদান করা হয়েছে। (৬) গত ১৭ অক্টোবর ২০২২ তারিখ ১ম কিস্তি বাবদ ৩০৫.৪৭ লক্ষটাকা ও ২৫ জানুয়ারি ২০২৩২য় কিস্তি বাবদ ৩০৫.৫০ লক্ষ টাকাসহ সর্বমোট ৬১০.৯১ লক্ষ টাকা ছাড় হয়েছে। তাছাড়া ৩য়ও ৪র্থ কিস্তি বাবদ ৫,৯৩,৮৭,০০০.০০ (পাঁচ কোটি তিরানব্বই লক্ষ সাতাশি হাজার) টাকার ছাড়করণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের ১৪টি অঙ্গের মধ্যে ০৬টি অঙ্গের কাজ সমাপ্ত হয়েছে, ০৭টির কাজ চলমান ও ০১টি অঙ্গের কাজের জন্য প্রকল্প মেয়াদ ০১ বছর বৃদ্ধি করা প্রয়োজন। সভাপতি মহোদয় বার্ডের মাস্টার প্ল্যান চূড়ান্ত করে উপস্থাপন করার জন্য বলেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

**১) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ আরো এক বছর (৩০ জুন ২০২৪) পর্যন্ত বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং**

**২) বার্ডের মাস্টার প্ল্যান চূড়ান্ত করে উপস্থাপন করতে হবে।**

বাস্তবায়নে: ১) মহাপরিচালক, বার্ড, কুমিল্লা ও ২) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

**৭.০ পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া:**

**৭.১ গ্রামীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট পল্লী জনপদ নির্মাণ প্রকল্প:**

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ২৪৭৩০.০০ লক্ষ টাকা (জিওবি: ২১৪১৯.০০ ও উপকারভোগী: ৩৩১০.৯০) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৪ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৭১৭২.০৫ লক্ষ টাকা (আর্থিক অগ্রগতি ৪৭.৩০%)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ৬০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে । এপ্রিল, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক, আরডিএ, বগুড়া সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

(১) আবাসিক ভবন: রাজশাহী বিভাগে ৭০% কাজ সম্পন্ন এবং ঢাকা বিভাগে ৩৫% কাজ সম্পন্ন হয়েছে; (২) প্রধান ফটকসহ গার্ডরুপ ও সংযোগ রাস্তা: ১০০% কাজ সম্পন্ন হয়েছে; (৩) সীমানা প্রাচীর: ১০০% কাজ সম্পন্ন হয়েছে; (৪) ভূমি উন্নয়ন: কাজ ১০০% সম্পন্ন হয়েছে; (৫) সংশোধিত ডিপিপিতে অবশিষ্ট ৩টি (কক্সবাজার, খুলনা ও সিলেট) সাইটের কাটাতারের সীমানা প্রাচীরের ব্যয় ধরা হয়েছে।

প্রকল্প পরিচালক সভায় জানান যে, বার বার যোগাযোগ করা সত্বেও প্রকল্প কাজে অগ্রগতি খুবই কম। সচিব মহোদয় বলেন যে, BMTF কি কি শর্ত ভঙ্গ করেছে তার বর্ণনা দিয়ে পত্র দিতে হবে। সভাপতি মহোদয় বলেন যে, কাজের অগ্রগতি হতাশাজনক। এ জন্য BMTF কে পত্র দিয়ে নির্মাণ চুক্তি বাতিল করে নতুনভাবে টেন্ডার দিয়ে কাজ শুরু করা দরকার। এজন্য আরডিএ কর্তৃপক্ষ BMTF এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

**১) কাজ শুরু ও তদারকির জন্য প্রকল্প সংশ্লিষ্ঠ কর্মকর্তাগণ সচেষ্ট থাকবেন; এবং**

**২) BMTF কি কি শর্ত ভঙ্গ করেছে এবং কেন চুক্তি বাতিল করা হবেনা এজন্য আরডিএ, বগুড়া কর্তৃক BMTF কে পত্র প্রেরণ করবেন।**

বাস্তবায়নে: ১) মহাপরিচালক, আরডিএ, বগুড়া এবং ২) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৭.২ কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ শীর্ষক প্রকল্প:
সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ১৬২৪০.৬১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১০২৫৯.০৯ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে মোট ৫২০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এপ্রিল, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে ২২৩৭.৭৮ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ১১৬৭১.৭১ লক্ষ টাকা।
সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়: এছাড়া নিম্নলিখিত কার্যক্রম গতিশীলভাবে এগিয়ে চলছে:

ক) নাগেশ্বরী- এপিএম ইউনিট নির্মান কাজ চলমান। গ্রীল, দরজা জানালা লাগানো, ইলেকট্রিক লাইন তৈরীর কাজ চলছে। সোলার, সাব স্টেশন, রাস্তা, ড্রেন, টাইলস, প্লাস্টারের কাজ বাদ আছে। সীমানা প্রাচীর ও গেট নির্মাণের ফিনিশিং কাজ চলছে। কাঁটাতার ও মেইন গেট লাগানো বাদ আছে। (খ) রাজারহাট- এপিএম ইউনিট নির্মান কাজ চলমান। বারান্দার ও বিল্ডিংয়ের ভিতরে প্লাস্টার কাজ চলছে। ইলেকট্রিক লাইন তৈরীর কাজ চলছে। গ্রীল, দরজা জানালা লাগানো, ইলেকট্রিক, সোলার, সাব স্টেশন, রাস্তা, ড্রেন, টাইলস, প্লাস্টারের কাজ বাদ আছে। সীমানা প্রাচীর ও গেট নির্মাণের ফিনিশিং কাজ চলছে। কাঁটাতার ও মেইন গেট লাগানো বাদ আছে। (গ) উলিপুর- মূল ভবনের প্লাস্টার শেষ হয়েছে। ইলেকট্রিক্যাল, রাস্তা, টাইলস, রং, দরজা জানালা লাগানোর কাজ চলছে, সোলার, সাব স্টেশন, রাস্তা ও ড্রেন বাকি আছে। সীমানা প্রাচীর মোটামুটি হয়েছে। গেট নির্মাণের কাজ চলছে। (ঘ) চিলমারী- এপিএম ইউনিট নির্মান কাজ চলমান। প্লাস্টার শেষ হয়েছে। ইলেকট্রিক্যাল, টাইলস, রং, দরজা জানালা লাগানো, সোলার, সাবস্টেশন, রাস্তা ও ড্রেন বাকি আছে। সীমানা প্রাচীর মোটামুটি হয়েছে। গেট নির্মাণের কাজ চলছে। (ঙ) দেওয়ানগঞ্জ- এপিএম ইউনিট নির্মান কাজ চলমান। ছাদের পিলার ঢালাই শেষ হয়েছে। মেঝের কাজ চলছে। অন্যান্য সব কাজ বাঁকি। সীমানা প্রাচীর মোটামুটি হয়েছে। গেট নির্মাণের কাজ চলছে। (চ) ইসলামপুর- মুলভবনের প্লাস্টার, ইলেকট্রিক্যাল, দরজা, জানালা লাগানোর কাজ শেষ।রাস্তা, গভীর নলকুপ বসানোর কাজ শেষ হয়েছে। সোলার প্যানেল বসানো ও বিল্ডিং রং করার কাজ চলছে।ড্রেন নির্মাণ বাদ আছে।সীমানা প্রাচীরের ৩ দিকের প্রাচীর গাঁথা শেষ হয়েছে, প্লাস্টার বাদ আছে। সামনের দিকের প্রাচীর ও গেট নির্মাণ কাজ চলছে। (ছ) মেলান্দহ- এপিএম ইউনিট নির্মান কাজ চলমান।টাইলস ও প্লাস্টার শেষ হয়েছে। দরজা, ইলেকট্রিক্যাল, রং ও সোলার বসানোর কাজ বাকী আছে।রাস্তা ও ড্রেনের কাজ বাকি আছে। (জ) মাদারগঞ্জ- রং করা, ইলেকট্রিক্যাল ও সোলার প্যানেল বসানোর কাজ চলছে।রাস্তা নির্মাণ চলছে, ড্রেন নির্মাণ বাদ আছে। সীমানা প্রাচীর মোটামুটি হয়েছে। গেট নির্মাণ ও প্রাচীর ফিনিশিংয়ের কাজ চলছে। (ঞ) ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ শেষ হওয়ায় এ বছর প্রশিক্ষণ আপাতত সমাপ্ত। (ট) উপজেলা পর্যায়ে কৃষি প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের জন্য যন্ত্রপাতি আমদানী পর্যায়ে রয়েছে।

প্রকল্প পরিচালক সভায় জানান যে, মেয়াদ বৃদ্ধির অংশ হিসেবে ইতোমধ্যে আইএমইডি কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়েছে। প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের মালামাল শিপিং পর্যায়ে রয়েছে। আগামী ২-৩ সপ্তাহের মধ্যে কিছু কিছু মালামাল দেশে আসবে।

**<u>সিদ্ধান্ত:</u>**
**১) প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব (আইএমইডি'র রিপোর্টসহ) দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং**
**২) সময়মত মালামাল শীপিং নিশ্চিত করতে হবে।**
বাস্তবায়নে: মহাপরিচালক, আরডিএ, বগুড়া এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

**৭.৩ মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফোরসি)-২য় পর্যায়" শীর্ষক প্রকল্প:**
প্রকল্পটি মোট ৫,৯৮৬.০০ (জিওবি-১,৪৭৬.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য -৪,৫১০.০০) টাকা লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২১০৬.৬০ লক্ষ টাকা (৩৫.১৯%)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে মোট ১৬৮০.০০ লক্ষ (জিওবি: ৩৬৮.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য: ১৩১২.০০ ) টাকা বরাদ্দ রয়েছে। এপ্রিল, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ১৩৬৪.২৯ লক্ষ (জিওবি, ২৫১.২৫ লক্ষ এবং প্রকল্প সাহায্য, ১১১৩.০৪ লক্ষ) টাকা এবং ব্যয় হয়েছে মোট ১৩৬৪.২৮ লক্ষ (জিওবি, ২৫১.২৪ লক্ষ এবং প্রকল্প সাহায্য, ১১১৩.০৪ লক্ষ) টাকা।

সভায় নিম্নরূপভাবে এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:
